



চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০২৪৭৭৭৮৭৮৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”


স্মারক নং-চুয়াঃ পৌর/প্রশাঃ/ ২০২১/১১৫০(২)

তারিখ- ০৯/০৮/২০২১ ইং।

ঃ একটি বিশেষ পৌর বিজ্ঞপ্তি :

এতদ্বারা চুয়াডাঙ্গা পৌরসভা এলাকার পুরুষ ৬৫ বছর ও নারী ৬২ বছরের উর্দে এবং বিধবা ও স্বামী নিগৃহীতা/পরিত্যক্তা মহিলাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার চুয়াডাঙ্গা পৌরসভা এলাকায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা/পরিত্যক্তাদের ভাতা প্রদান করবেন। এ জন্য অত্র পৌরসভা এলাকার ৬৫ বছরের উর্দে পুরুষ ও ৬২ বছরের উর্দে নারী এবং বিধবা ও স্বামী নিগৃহীতা/পরিত্যক্তা ভাতা প্রাপ্তির যোগ্য আবেদনকারীগণ স্ব-স্ব ওয়ার্ড কাউন্সিলর অথবা মহিলা কাউন্সিলরের নিকট বয়স্কদের ক্ষেত্রে ভোটার আইডি কার্ডের ২টা ফটোকপি ও ২ কপি পাসপোর্ট সাইজের ছবি (ল্যাব প্রিন্ট) এবং বিধবা ও স্বামী নিগৃহীতা/পরিত্যক্তাদের ক্ষেত্রে ভোটার আইডি কার্ডের ২টা ফটোকপি ও ২টা পাসপোর্ট সাইজের ছবি (ল্যাব প্রিন্ট) ও স্বামীর মৃত্যু সনদ ১ কপি অথবা প্রত্যয়নপত্র স্ব স্ব ব্যক্তির বিকাশ নাম্বার সহ আগামী ইং ২০/০৮/২০২১ তারিখের মধ্যে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। কাউন্সিলর ব্যতিত অন্য কাহারো নিকট প্রয়োজনীয় কাগজপত্র জমা না দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ বয়স্ক ও বিধবা ভাতার জন্য কারো নিকট কোন প্রকার আর্থিক লেন দেন করবেন না। করলে চুয়াডাঙ্গা পৌর কর্তৃপক্ষ দায়ী থাকবে না।


(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা।

■ অনুলিপিঃ

- ১। সম্পাদক, দৈনিক মাথাভাঙ্গা/পশ্চিমাঞ্চল, চুয়াডাঙ্গাকে বিজ্ঞপ্তিটি ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১(এক)দিন প্রকাশ করে বিল দাখিল করার জন্য বলা হলো।
- ২। অফিস কপি।

